গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র প্ল্যানারের কার্যালয়
নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস
<u>সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট</u>

বিষয় : নগর উন্নয়ন অধিদপ্তরের সিলেট আঞ্চলিক অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত মে/২০২৩ মাসের (৪র্থ কোয়ার্টার) সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |
| তারিখ | : ২৮/০৫/২০২৩ খ্রিঃ |
| সময় | : সকাল ৯:৩০ ঘটিকা |
| স্থান | : নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |
| উপস্থিতি | : তালিকা সংযুক্ত |

সভার শুরুতে নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট এর সিনিয়র প্ল্যানার ও অত্র অফিস এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, উপস্থিত কমিটির সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিভিন্ন কার্যক্রম ও এর অর্জন পদ্ধতি নিয়ে আলোচনা করেন। সভাপতি সভাকে জানান যে, সিলেট আঞ্চলিক অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ৪র্থ কোয়ার্টারে পুনঃগঠন করা হয়েছে যা স্মারক নং-২৫.৪৫.৯১৬২.১০৩.২৩.০০২.২১.৩৮৪, তারিখঃ ১৬ মে ২০২৩ এর মাধ্যমে পরিচালক মহোদয়কে অবহিত করা হয়েছে। তিনি আরো জানান যে, কেন্দ্রীয় দপ্তরে পরিবীক্ষণ কমিটির ~~২য়~~ ৩য় কোয়ার্টারের সভার নোটিশ ও কার্যবিবরণী আঞ্চলিক অফিসের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তাছাড়া, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা/GRS এর ক্ষেত্রে নতুন অনিক এর নাম অন্তর্ভুক্ত করে সিলেট আঞ্চলিক অফিসের সিটিজেনস চার্টার/নাগরিক সনদ হালনাগাদ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ ২য় ও শেষ সভা গত ১০ মে ২০২৩ এ অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২য় ও শেষ প্রশিক্ষণটি ১০ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। হালনাগাদ সিটিজেন চার্টার অনুযায়ী সকল সেবা প্রদান করা হচ্ছে মর্মেও সভাপতি সকলকে অবহিত করেন। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকার আহবান জানান। সভায় অন্যান্য আলোচনার পর সর্বসম্মতিতে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

১। ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে স্ব-মূল্যায়িত বার্ষিক সেবা প্রদান প্রতিশ্রুতি মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভা সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 28/05/2023

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

## নগর উন্নয়ন অধিদপ্তরের সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত মে/২০২৩ মাসের (৪র্থ কোয়ার্টার) সভায় উপস্থিতির তালিকাঃ

স্থান : নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
তারিখ : ২৮/০৫/২০২৩ খ্রিঃ
সময় : সকাল ৯:৩০ ঘটিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার<br>ও<br>সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি | Shaheen Ahmed<br>28/05/2023 |
| ২। | জনাব বাদশা মিয়া | অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ<br>ও<br>সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি | বাদশা মিয়া<br>২৮/০৫/২০২৩ |
| ৩। | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার<br>ও<br>সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি | [illegible]<br>২৮/০৫/২০২৩ |